দৈনিক জনকণ্ঠ

তারিখ SEP. 1 0 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

# মাদ্রাসা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

ষ্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল গতকাল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। পাসের হার আলিম পরীক্ষায় ৫৬ দশমিক ৯৩, ফাজিল পরীক্ষায় ৭৫ দশমিক ৩০ এবং কামিল পরীক্ষায় ৮৫ দশমিক ৭৮ ভাগ।

মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত ফলাফলে দেখা গেছে, আলিম পরীক্ষায় ৫৭ হাজার ৫ ছেলেমেয়ে অংশ নিয়ে পাশ করেছে ৩৩ হাজার ১৩১ জন। এর মধ্যে মেয়ের সংখ্যা ৬ হাজর ৯১। ফাজিল পরীক্ষায় ২০ হাজার ৩৩০ জন অংশ নিয়েছে পাস করেছে ১৫ হাজার ৭৬১। ফাজিলে উত্তীর্ণ ছাত্রী সংখ্যা এক হাজার ৮৪১। কামিল পরীক্ষায় ১০ হাজার ২৭৬ জন অংশ নিয়ে ৯ হাজার ১১১ জনই উত্তীর্ণ হয়েছে।

প্রথম বিভাগে পাস করেছে আলিমে ৩ হাজার ২৬৫, ফাজিলে ৭৬৫ এবং কামিলে এক হাজার ১২১ জন। আলিম পরীক্ষায় ধামতি আলীয়া মাদ্রাসার মোহাম্মদ দেলোয়ার হোসেন (১৪৭৭৪৩) ৮৭৬ নম্বর পেয়ে আলিম পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। একই মাদ্রাসার মোহাম্মদ মোরশেদ আলম ৮৭৫ পেয়ে দ্বিতীয় এবং চট্টগ্রাম কেন্দ্রের মোহাম্মদ মুজিবুল হক (২০২৫২১) ৮৬৫ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে।

ফাজিল পরীক্ষায় সোনাকান্দা কেন্দ্রের মোঃ মাহমুদুর রহমান (৪১৮৫৫৮) ৮২৬ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। একই কেন্দ্রের মোঃ আলমগীর হোসেন (৪১৮৫৫৯) ৭৯৭ নম্বর পেয়ে দ্বিতীয় এবং ধামতি কামিল মাদ্রাসার আবুল কালাম আজাদ (৪১৮৬০১) তৃতীয় হয়েছে। তার প্রাপ্ত নম্বর ৭৮৮।

কামিল পরীক্ষায় বেগমগঞ্জ কেন্দ্রের মোঃ আবদুল কাদির (৭০১০৯৫) ৮৮৬ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে।